

৫. উনিশ শতকের বাংলার সাংস্কৃতিক ইতিহাসের এক গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য মহিলা পাঠক ও লেখকের আবির্ভাব। মন্তব্যটি বিচার করো। ১০
৬. উনিশ শতকের বাংলায় এক নতুন সামাজিক লিঙ্গরূপ চেতনা গড়ে উঠেছিল যা মেয়েদের জীবন অনেকটা বদলে দিলেও নারীপুরুষ ভেদের মৌল সামাজিক ভিত্তিকে খুব কিছু পাল্টাতে পারেনি। এই মত কি তুমি মানবে? যুক্তি দিয়ে নিজের মত প্রতিষ্ঠা করো। ১০
৭. উনিশ শতকে বাংলায় ধর্ম বহুক্ষেত্রে ‘ধর্মনীতি’-তে পরিণত হয়েছিল। অক্ষয়কুমার দত্তের রচনা অনুসারে ‘ধর্মনীতি’ প্রসঙ্গটি আলোচনা করো। ১০
৮. ‘ধর্ম’ ও ‘গোক্ষ’—এই দুই শব্দকে বিবেকানন্দ ভিন্নার্থে ব্যবহার করেছিলেন কেন? প্রসঙ্গত বিবেকানন্দের এই বর্গীকরণের সঙ্গে উপযোগবাদী দর্শনের কোনও যোগ আছে কি না আলোচনা করো।
৯. উনিশ শতকের বাংলায় ঔপনিবেশিক শিক্ষাব্যবস্থায় ‘অ্যাংলিস্ট’ ও ‘ওরিয়েটালিস্ট’দের বিতর্কের ইতিহাস কী অর্থে গুরুত্বপূর্ণ তা আলোচনা করো। ১০
১০. উনিশ শতকে শিক্ষাক্ষেত্রে ‘মাধ্যম’ ও ‘বিষয়’ হিসেবে বাংলাভাষার প্রাসঙ্গিকতা ও গুরুত্ব সম্বন্ধে একটি নিবন্ধ রচনা করো। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭
(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বাংলা

উনিশ শতক সমাজ ধারণার বিবর্তন ও প্রতিষ্ঠানের প্রতিক্রিয়া
কোর্স পি.জি. - ৩.৫৪

সময় দু'ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও
সব প্রশ্নের মান সমান

১. উনিশ শতকের বাংলায় সমাজ-সাহিত্যে মেয়েদের নিয়ে ভাবনার এক বিরাট আবর্ত তৈরি হয়েছিল। কী এমন ঘটনা, যে যেমন আবর্ত তৈরি হল? ১০
২. উনিশ শতকের বাংলায় সমাজ-সংস্কারের কেন্দ্রে ছিল মেয়েদের পারিবারিক অবস্থান ও ভূমিকার প্রশ্নটি। মন্তব্যটি বিচার করে ওই আন্দোলনের গুরুত্ব ও সীমাবদ্ধতা সম্পর্কে তোমার মত জানাও। ১০
৩. উনিশ শতকে হিন্দু-বাঙালি-শিক্ষিতা মেয়ের আদর্শ হিসেবেই তৈরি করা হয়েছিল ‘সুশীলার উপাখ্যান’-এর সুশীলাকে। এই আদর্শের নির্মাণ সম্পর্কে তোমার মত খোলাখুলি জানিয়ে মন্তব্যটি খুঁটিয়ে বিচার করো। ১০
৪. উনিশ শতকে অনেক বাংলা ছড়া প্রহসন নকশাতেই মজা, শ্লেষ ও আক্রমণের সহজ লক্ষ্য ছিল শিক্ষিতা মেয়ে। এর কারণ কী বলে তোমার মনে হয়? উনিশ শতকে স্ত্রী-শিক্ষা প্রসঙ্গে বিতর্কের প্রেক্ষিতে, বিষয়টি উদাহরণ সহ বুবিয়ে দাও। ১০

(Turn Over)